গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

**বিষয়: International Labour Organization (ILO) কনভেনশন ২৭, ৩২ এবং ১৮৫ এর সম্পর্কিত পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শেখ মোঃ শরীফ উদ্দিন, এনডিসি<br>অতিরিক্ত সচিব<br>নৌপরিবহন মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ০৬-০৮-২০২৩ খ্রি. |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ |

সভাকক্ষে উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (পরিশিষ্ট 'ক') দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি কর্তৃক সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভাকক্ষে উপস্থিত সকলের সাথে পরিচিত হন। অতঃপর সভাপতি সভার এজেন্ডা নিয়ে পর্যালোচনার জন্য সৈয়দ আলী আহসান, উপসচিব (জাহাজ)কে অনুরোধ করেন। উপসচিব (জাহাজ) সভাকে জানান, ILO হতে প্রাপ্ত অনুরোধে নৌপরিবহন মন্ত্রণালয়ে গত ২৪-০৫-২০২৩ খ্রি. অতিরিক্ত সচিব (সংস্থা-১) এঁর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সভায় বন্দরসমূহের কনভেনশনগুলোর বিষয়ে আইএলওসহ নৌপরিবহন মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থা এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধির উপস্থিতিতে বিদ্যমান বন্দর আইন, বিধি ইত্যাদির আলোকে মতামত প্রদান করে প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট পক্ষসমূহের সাথে যোগাযোগ রক্ষার জন্য নৌপরিবহন অধিদপ্তরের নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার ক্যাপ্টেন আবু সাঈদ মোহাম্মদ দেলোয়ার রহমানকে দায়িত্ব প্রদান করা হয়।

২। সভায় নৌপরিবহন মন্ত্রণালয়ের উপসচিব (জাহাজ) সৈয়দ আলী আহসান জানান, ০৯ মে, ২০২২ খ্রি. বাংলাদেশ অনুসমর্থিত আইএলও কনভেনশন-৩২ এর উপর ২০২৩ সালের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য/মতামত চেয়ে গত ২১ মে, ২০২৩ খ্রি. নৌপরিবহন অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়। সংশ্লিষ্ট বিষয়ে ফোকাল পয়েন্ট ক্যাপ্টেন আবু সাঈদ মোহাম্মদ দেলোয়ার রহমান কনভেনশন ২৭ ও ১৮৫ এর বিষয়ে তিনি খসড়া প্রতিবেদন প্রস্তুত করেছেন। তিনি চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মোংলা বন্দর কর্তৃপক্ষ ও পায়রা বন্দর কর্তৃপক্ষের সাথে যোগাযোগ প্রতিবেদনগুলোর বিষয়ে কোন প্রতিবেদন পাননি। আগামী ১লা সেপ্টেম্বর ২০২৩ তারিখে আইএলও-তে প্রতিবেদন/মতামত প্রেরণ করার আবশ্যিকতা রয়েছে বিধায় কনভেনশন ৩২ এর বিষয়ে বন্দর সমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ দ্রুত প্রতিবেদন প্রস্তুত করে ফোকাল কর্মকর্তার নিকট প্রেরণ করা জরুরি।

৩। সভায় নৌপরিবহন অধিদপ্তরের চীফ নটিক্যাল সার্ভেয়ার (চঃ দাঃ) ক্যাপ্টেন গিয়াস উদ্দীন আহমেদ বলেন, বাংলাদেশ অনুসমর্থিত আইএলও কনভেনশন-৩২ এর উপর ২০২৩ সালের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মোংলা বন্দর কর্তৃপক্ষ ও পায়রা বন্দর কর্তৃপক্ষের নিকট তথ্য/মতামত চাওয়া হয়। সংশ্লিষ্ট বন্দরগুলো হতে কোন সাড়া পাওয়া যায়নি। তিনি আরও জানান, বাংলাদেশ কর্তৃক অনুসমর্থিত আইএলও কনভেনশন-২৭, ১৮৫ নৌপরিবহন অধিদপ্তরে প্রস্তুত করা আছে। কনভেনশন ৩২ বন্দর সমূহ সংশ্লিষ্ট বিধায় প্রতিবেদন না পাওয়ার কারণে তা মন্ত্রণালয়ে প্রেরণ করা যাচ্ছেনা।

৪। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চীফ পারসোনেল অফিসার ও চীফ ওয়েলফেয়ার অফিসার (অঃ দাঃ) জনাব মোঃ নাসির উদ্দীন জানান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের প্রায় ছয় হাজার নিবন্ধিত শ্রমিক রয়েছে। বাংলাদেশ অনুসমর্থিত আইএলও কনভেনশন-৩২ এর অধীনে যেসকল কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন তা প্রায় সবই চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ করেছে। বন্দরে নিয়োজিত শ্রমিকদের নিরাপত্তার জন্য হেলমেট, লাইফজেকেট ও অন্যান্য নিরাপত্তা সামগ্রী পরিধান করা বাধ্যতামূলক করা হয়েছে। শ্রমিকগণ নিরাপত্তা সামগ্রী ঠিকমত ব্যবহার করে কি না সে বিষয়টি বন্দর কর্তৃপক্ষ কর্তৃক নিশ্চিত করা হয়। এছাড়াও তাদের জন্য প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটি, চিকিৎসা সুবিধা ও পর্যাপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা রাখা হয়েছে।

চলমান পাতা-২

৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

**১. আইএলও কনভেশন ৩২ এর বিষয়ে বিদ্যমান আইন, বিধির আলোকে প্রতিবেদন প্রস্তুত করে আগামী ১৬ আগস্ট, ২০২৩ তারিখের মধ্যে ফোকাল কর্মকর্তার নিকট আবশ্যিকভাবে প্রেরণ করবে।**

**২. আইএলও কনভেনশন ২৭, ৩২ ও ১৮৫ সম্পর্কিত প্রতিবেদন/মতামতের উপর পরবর্তী কার্যক্রম গ্রহণের লক্ষ্যে আগামী ২০ আগস্ট, ২০২৩ তারিখে সকাল ১১ টায় নৌপরিবহন মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব (সংস্থা-১) এর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হবে।**

৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৮/০৮/২০২৩
শেখ মোঃ শরীফ উদ্দিন, এনডিসি
অতিরিক্ত সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

নং- ১৮.০০.০০০০.০২৪.২২.০০১.২০- ১২৮

তারিখ: ২৪ শ্রাবণ, ১৪৩০
০৮ আগস্ট, ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, চবক/মোবক/পাবক।
৩। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৪। যুগ্মসচিব (জাহাজ), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৫। উপসচিব (আই.ও), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। ক্যাপ্টেন গিয়াস উদ্দিন আহমে, চীফ নটিক্যাল সার্ভেয়ার (চঃ দাঃ), নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৮। প্রিন্সিপাল অফিসার, নৌবাণিজ্য দপ্তর, চট্টগ্রাম।
৯। ক্যাপ্টেন আবু সাঈদ মোহাম্মদ দেলোয়ার রহমান, নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
১০। বেগম রোজিনা বেগম, উপপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
১১। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২। অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৮.০৮.২৩
(সৈয়দ আলী আহসান)
উপসচিব
ফোন: ২২৩৩৮০৭৮৬
মেইল: ds.ship@mos.gov.bd